# যুগান্তর

তারিখ ... 04 FEB 2016 ...
পৃষ্ঠা ... ২৬ ... কলাম ... ২ ......

### এসএসসি পরীক্ষায় অসদুপায়

# ২৩ শিক্ষার্থী ৬ শিক্ষক বহিষ্কার দু'জনের জেল-জরিমানা

**যুগান্তর ডেস্ক**

এসএসসি পরীক্ষার ২য় দিন বুধবার বাংলা দ্বিতীয়পত্র পরীক্ষা চলাকালে অসদুপায়
অবলম্বনের দায়ে বিভিন্ন কেন্দ্র থেকে ২৩ শিক্ষার্থী ও ৬ শিক্ষককে বহিষ্কার করা হয়েছে।
শিক্ষককে কারাদণ্ড ও এক বহিরাগতকে জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।
দিতে এসে এক কলেজ শিক্ষার্থী আটক হয়েছে। যুগান্তর প্রতিনিধিদের
পাঠানো খবর—

**নওগাঁ :** ৮ পরীক্ষার্থীকে বহিষ্কার এবং শহিদুল ইসলাম নামের এক শিক্ষককে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। শহিদুল নওগাঁ নামাজগড় মহিলা মাদ্রাসার শিক্ষক। তিনি পরীক্ষা চলাকালে হাতে লিখা উত্তরপত্রের ফটোকপি ওই কক্ষে সরবরাহ করছিলেন।

**গোয়ালন্দ (রাজবাড়ী) :** ভোকেশনাল শাখার ১৩ জন পরীক্ষার্থী ও ৪ শিক্ষককে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কারের আদেশ দিয়েছেন নির্বাহী ম্যাজিস্ট্রেট পঙ্কজ ঘোষ। ঘটনাটি ঘটেছে উপজেলার শহীদ স্মৃতি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে। প্রকাশ্যে বই বের করে উত্তরপত্রে লেখার দায়ে ওই পরীক্ষার্থীদের বহিষ্কার এবং এ কাজে সহায়তার অভিযোগে গোয়ালন্দ প্রপার হাই স্কুলের ৪ শিক্ষককে তাৎক্ষণিক দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়।

**দেওয়ানগঞ্জ :** কাঠারবিল উচ্চ বিদ্যালয় কেন্দ্র দু'শিক্ষককে দায়িত্ব পালনে অবহেলায় দায়ে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃত শিক্ষকরা হলেন সাহাবদ্দিন ও সাজেদুল ইসলাম। এছাড়া আবদুল কুদ্দুছ চৌধরী নামে এক ব্যক্তিকে কেন্দ্রে প্রবেশের দায়ে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে এক হাজার টাকা জরিমানা করেন ইউএনও মোহাম্মদ সাইফুল ইসলাম।

**লালমোহন (ভোলা) :** লালমোহনে প্রক্সি দিতে এসে জাকির হোসেন আমানুল্লা নামে এক কলেজ ছাত্র আটক হয়েছেন। পরে ভ্রাম্যমাণ আদালতে তাকে এক বছরের সাজা দিয়ে ভোলা জেলহাজতে পাঠায়। এ সময় আসল পরীক্ষার্থী দেবীরচর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মফিজল ইসলামের ছেলে জোনায়েদুল ইসলামকে বহিষ্কার করেন ইউএনও।

**কুমিল্লা ব্যুরো :** লাকসামে বিএন হাই স্কুল কেন্দ্রে পরীক্ষা চলাকালে অসদুপায় অবলম্বনের দায়ে মোহাম্মদ দেলোয়ার হোসেন এক পরীক্ষার্থীকে বহিষ্কার করেন। বহিষ্কৃত আবদুর রহিম লাকসাম পাইলট হাই স্কুলের ছাত্র।